# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭৯২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৮৩]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩৫৭ : কোন মুসলিমের দিকে অস্ত্র দ্বারা ইশারা করা হারাম, তা সত্যি সত্যি হোক অথবা ঠাট্টা ছলেই হোক। অনুরূপভাবে নগ্ন তরবারি দেওয়া-নেওয়া করা নিষিদ্ধ

(357) بَابُ النَّهْيِ عَنِ الْإِشَارَةِ إِلٰى مُسْلِمٍ بِسِلَاحٍ سَوَاءٌ كَانَ جَادًّا أَوْ مَازِحًا، وَالنَّهْيِ عَنْ تَعَاطِي السَّيْفِ مَسْلُوْلًا

---

আরবী

عَنْ أَبي هُرَيرَةَ رضي الله عنه عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَالَ: «لاَ يُشِرْ أَحَدُكُمْ إِلَى أَخِيهِ بِالسِّلاَحِ، فَإِنَّهُ لاَ يَدْرِي لَعَلَّ الشَّيْطَانَ يَنْزِعُ فِي يَدِهِ، فَيَقَعُ فِي حُفْرَةٍ مِنَ النَّارِ» . متفق عليه
وَفِي رِوَايَةٍ لِّمُسلِمٍ قَالَ: قَالَ أَبُو القَاسِمِ صلى الله عليه وسلم : «مَنْ أَشَارَ إِلَى أَخِيهِ بِحَدِيدَةٍ، فَإِنَّ المَلاَئِكَةَ تَلْعَنُهُ حَتَّى يَنْزِعَ، وَإِنْ كَانَ أَخَاهُ لأَبِيهِ وَأُمِّهِ».

বাংলা

১/১৭৯২। আবূ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ”তোমাদের কেউ যেন তার কোন ভাইয়ের প্রতি অস্ত্র উত্তোলন করে ইশারা না করে। কেননা, সে জানে না হয়তো শয়তান তার হাতে ধাক্কা দিয়ে দেবে, ফলে [মুসলিম হত্যার অপরাধে] সে জাহান্নামের গর্তে নিপতিত হবে।” (বুখারী ও মুসলিম) [1]

মুসলিমের এক বর্ণনায় আছে যে, তিনি বলেন, ”যে ব্যক্তি তার (মুসলিম) ভাইয়ের প্রতি কোন লৌহদণ্ড [লোহার অস্ত্র] দ্বারা ইঙ্গিত করে, সে ব্যক্তিকে ফিরিশতাবর্গ অভিশাপ করেন; যতক্ষণ না সে তা ফেলে দিয়েছে। যদিও সে তার নিজের সহোদর ভাই হোক না কেন।”

[অর্থাৎ তাকে মারার ইচ্ছা না থাকলেও ইঙ্গিত করে ভয় দেখানো গোনাহর কাজ।]

## English

(357) Chapter: Prohibition of Pointing with a Weapon at another Brother in Faith

Abu Hurairah (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "None of you should point at his brother with a weapon because he does not know that Satan may make it lose from his hand and, as a result, he may fall into a pit of Hell-fire (by accidentally killing him)."

[Al-Bukhari and Muslim].

The narration in Muslim is: Abul-Qasim (i.e., the Messenger of Allah) (ﷺ) said, "He who points at his (Muslim) brother with a weapon is cursed by the angels even if the other person should be his real brother."

Commentary: "Silah'' is that weapon which is used in war for attack and defense, i.e., sword, gun, pistol, lance, etc. To point any such weapon towards a Muslim or Dhimmi, even to frighten him, is forbidden. It is very unfortunate that, contrary to the teachings of Islam, display and use of weapons are very common nowadays so much so that the fashion of air fire festivities is gaining increasing popularity in Muslim society. This fashion is totally against the teachings of Islam and its dangerous consequences are witnessed everyday. May Allah grant us guidance to follow the Right Path.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭০৭২, মুসলিম ২৬১৭, তিরমিযী ২১৬৩, আহমাদ ২৭৪৩২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32515

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন